

নদীয়া রেফারিজ সংস্থা

(তারিখ :- ২২ শে জুলাই, ২০২৩)

গত ১৬/০৭/২০২৩ তারিখে নদীয়া জেলা ক্রীড়া সংস্থার ওয়ার্কিং কমিটির সভায় নদীয়া রেফারিজ সংস্থার এক নবগঠিত 'অ্যাড-হক কমিটি'- তৈরী করা হয় । উক্ত অ্যাড হক কমিটির এক সভা অদ্য ২২-শে জুলাই, ২০২৩ তারিখ বেলা ৪ ঘটিকায় নদীয়া জেলা ক্রীড়া সংস্থার কার্যালয়ে অনুষ্ঠিত হয় । উক্ত সভায় সভাপতিত্ব করেন শ্রী রামকৃষ্ণ মোদক মহাশয় । উপস্থিত ছিলেন নদীয়া জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক, অন্যান্য পদাধিকারীগণ এবং অ্যাড হক কমিটির সদস্যগণ । বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ ।

১। সকল নদীয়া রেফারিজ সংস্থার সদস্যদের ৩০ টাকা জমা করে আগামী এক বছরের জন্য রিনুয়্যাল করতে হবে আগামী ৩১ শে জুলাই, ২০২৩ এর মধ্যে । রিনুয়্যাল ফি নিজ নিজ জোনের জোনাল সম্পাদকের নিকট জমা করতে হবে ।

২। আগামী ৮-ই আগষ্ট, ২০২৩ এর মধ্যে সকল জোনাল রেফারিজ সংস্থার কমিটি গঠন সম্পূর্ণ করতে হবে । একই সঙ্গে ২ জন জেলা প্রতিনিধির নাম চূড়ান্ত করতে হবে ।

৩। আগামী ১৯/০৮/২০২৩ তারিখে জেলা স্টেডিয়ামে নদীয়া রেফারিজ সংস্থার সাধারণ সভা অনুষ্ঠিত হবে । উক্ত সভায় জেলা কমিটি চূড়ান্ত করা হবে ।

রামকৃষ্ণ মোদক
সভাপতি
অ্যাড-হক কমিটি